

যুগান্তরে সংবাদ প্রকাশ
শাবি শিক্ষক সমিতির
নির্বাচন স্থগিত

শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী সংসদের ২০১৫ কার্যমোড়ানি নির্বাচন স্থগিত করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের দৈনিক পরিষ্টি ও শিক্ষকদের বিভিন্ন গ্রুপের দাবির পরিপ্রেক্ষিতে আগামী ১৫ জানুয়ারি অনুষ্ঠিতবা শিক্ষক সমিতির নির্বাচন স্থগিত করা হয়েছে বলে নিশ্চিত করেছেন নির্বাচন কমিশনার অধ্যাপক ড. আব্দুল আউয়াল বিধাস। নির্বাচনের তারিখ পরে জানানো হবে বলে তিনি জানান। ৪ জানুয়ারি দৈনিক যুগান্তরে 'শাবি শিক্ষক সমিতি নির্বাচনের তফসিল ঘোষণা' শিরোনামে অনিদিষ্টকালের জন্য বন্ধ ক্যাম্পাসে শিক্ষক সমিতির নির্বাচন করা অন্তর্ভুক্ত এমন সংবাদ প্রকাশিত হলে নির্বাচন নিয়ে ক্যাম্পাসে শিক্ষকদের মধ্যে তোলপাড় শুরু হয়। শিক্ষকদের বিভিন্ন গ্রুপের মধ্যে শুরু হয় মিশ্র প্রতিক্রিয়া। এ প্রতিক্রিয়া পুরো ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে মঙ্গলবার মহান মুক্তিযুদ্ধের চেতনা ও মুক্তচিন্তা চর্চায় একাবল্ল শিক্ষকরা নির্বাচনের তারিখ নির্ধারণের বিষয়টি শুরুতের সঙ্গে বিবেচনা করতে নির্বাচন কমিশনারকে স্মারকসিপি দেন।